গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

**২৯/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম প্রধান<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : ২৯ নভেম্বর ২০২০ খ্রি:। |
| সভার সময় | : বেলা ১১:০০ ঘটিকা। |
| স্থান | : সভাকক্ষ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)। |
| উপস্থিতি | : ভার্চুয়াল সভা। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সরকারি অফিসমূহে প্রবর্তিত কর্মসম্পাদন ব্যবস্থাপনাকে [বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)] ফলপ্রসূ এবং সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে এপিএ কে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (বাজেট) আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। সিনিয়র সহকারী সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে (গত ১৪/১০/২০২০ তারিখে) এ মন্ত্রণালয়ের এপিএ'র ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২০) অর্জন প্রতিবেদন এপিএএমএস সফটওয়্যার এর মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করা হয়েছে। তিনি এপিএ'র কার্যক্রমসমূহের প্রতিটি কর্মসম্পাদন সূচকের বিপরীতে লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ে সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। যেগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য মন্ত্রণালয় এবং সকল দপ্তর/সংস্থাকে সভাপতি অনুরোধ করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে এপিএ টিমের সভা আহ্বান করতে হবে;
খ) প্রতিমাসের সভায় পূর্বের মাস পর্যন্ত এপিএ'র অর্জন বিষয়ে আলোচনা হবে;
গ) যে সকল কর্মসম্পাদন সূচকের বিপরীতে ইতোমধ্যে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে, সে সকল বিষয় সভায় আলোচনার প্রয়োজন নেই; তবে মন্তব্য কলামে “অর্জিত” লিখে দিতে হবে;
ঘ) শুদ্ধাচার/সিটিজেন্‌স চার্টার/অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে মতবিনিময়/অবহিতকরণ সভায় দপ্তর/সংস্থার সাথে সেবাগ্রহীতা/অংশীজনদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে; এবং
ঙ) প্রতি মাসের কার্যপত্র তৈরির সময় এপিএ কর্ম পরিকল্পনার সর্বডানে একটি কলাম সংযোজন করতে হবে যাতে মিটিং মাসের পূর্ববর্তী মাস পর্যন্ত অর্জন উল্লেখ করতে হবে।

০৪। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

30/11/2020

(মোঃ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
এপিএ টিম প্রধান
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

(অ: পৃ: দ্র:)

নং ৩৪.০০.০০০০.০৪৫.২২.০০৩.২০-২২৮

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
৩০ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সমন্বয় ও আইন/উন্নয়ন/যুব/ক্রীড়া-১/ক্রীড়া-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, ঢাকা।
৪. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭. যুগ্মসচিব (প্রশাসন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপসচিব (যুব/ক্রীড়া/উন্নয়ন/সমন্বয়), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০. সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২. অফিস কপি।

৩০.১১.২০২০

(রওশন আরা পলি)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫০৫।
ইমেইল: sas.budget@moysports.gov.bd